

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
 (ত্রাণ কর্মসূচি-২ অধিশাখা)  
 বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
 www.modmr.gov.bd

নং-৫১.০০.০০০০.৪২২.১৪.০০২.১৭-৪(ঝ)

তারিখ: ০৮/০৮/২০১৭খ্রি./২৪ শ্রাবণ ১৪২৪ ব।

বিষয়ঃ- চলতি ২০১৭-২০১৮ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর) কর্মসূচির আওতায় সোলার হোম সিস্টেম, সোলার মিনি/মাইক্রো/ন্যানো গ্রীড, সৌর সেচ পাম্প, বায়োগ্যাস প্ল্যান্ট ও উন্নত চূলা প্রকল্প বাস্তবায়নে জেলা প্রশাসক, উপজেলা পরিষদ, বিভাগীয় কমিশনার ও পৌরসভার অনুকূলে ১ম ও ২য় কিস্তির বরাদ্দকৃত অর্থের Notional Allocation (সম্ভাব্য বরাদ্দ) প্রদান।

উপর্যুক্ত বিষয়ে চলতি ২০১৭-২০১৮ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর) কর্মসূচির আওতায় সোলার হোম সিস্টেম, সোলার মিনি/মাইক্রো/ন্যানো গ্রীড, সৌর সেচ পাম্প, বায়োগ্যাস প্ল্যান্ট ও উন্নত চূলা প্রকল্প বাস্তবায়নে জেলা প্রশাসক, উপজেলা পরিষদ, বিভাগীয় কমিশনার ও পৌরসভার অনুকূলে নিম্নবর্ণিত বিভাজন ও শর্ত অনুসারে ১ম ও ২য় কিস্তির Notional Allocation (সম্ভাব্য বরাদ্দ) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অনুকূলে নির্দেশক্রমে প্রদান করা হলো। এই ব্যয় বাজেট কোড নং ৩-৪৯০৩-০০১-৫৯৯২ হতে নির্বাহ করা হবে।

ক্রম	বরাদ্দের খাত	মোট বরাদ্দের পরিমাণ	সোলার হোম সিস্টেম (মোট বরাদ্দের ৫০% টাকা)
১।	৬৪টি জেলা প্রশাসক	১০৩,৮৭,৬৩,৩৩৭.৬৮	৫১,৯৩,৮১,৬৬৮.৮৪৫
২।	৪৯০টি উপজেলা পরিষদ	১৯৪,৭৬,৮১,৩৩১.৭৫	৯৭,৩৮,৪০,৬৬৫.৮৭
৩।	৮টি বিভাগীয় কমিশনার	৬,৪৯,২২,৭১১.০৬	৩,২৪,৬১,৩৫৫.৫৩
৪।	৩১৪টি পৌরসভা	২৫,৯৬,৯০,৮৪৪.২৩	১২,৯৮,৪৫,৪২২.১১৫
	মোট:	৩৩১,১০,৫৮,২২৪.৭৩	১৬৫,৫৫,২৯,১১২.৩৬

**শর্তসমূহঃ**

- (১) এ মন্ত্রণালয়ের ১ম ও ২য় পর্যায়ের সম্ভাব্য বরাদ্দের বিপরীতে প্রকল্প তালিকা আগামী ৩১/০৯/২০১৭ খ্রি. তারিখের মধ্যে সর্বশেষ টি.আর কর্মসূচির নির্দেশিকা অনুসরণ করে জেলা কর্ণধার কমিটির নিকট প্রেরণ করতে হবে;
- (২) এ কর্মসূচির অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধান ও টি.আর নির্দেশিকায় বর্ণিত অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (৩) এ কর্মসূচির প্রকল্প গ্রহণ / বাছাই টি.আর কর্মসূচির নির্দেশিকার ৪ নং অনুচ্ছেদ যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (৪) জেলা কর্ণধার কমিটির অনুমোদনকৃত প্রকল্পের অনুকূলে অর্থ ছাড় করণের জন্য জেলা প্রশাসকগণ প্রতিবেদন অনুসারে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর বরাবর মূল বরাদ্দ প্রদান করবে;
- (৫) সংরক্ষিত আসনের মাননীয় মহিলা সংসদ সদস্যদের অনুকূলে সম্ভাব্য বরাদ্দকৃত অর্থ ব্যবহারের লক্ষ্যে তাঁর অভিপ্রায় অনুসারে জেলা/ উপজেলাওয়ারী বিভাজন সংগ্রহ করে তা সংশ্লিষ্ট জেলা প্রশাসকদের বরাবর এবং নির্বাচনী এলাকাভিত্তিক সম্ভাব্য বরাদ্দ সকল জেলা প্রশাসকদের অনুকূলে উপ-বরাদ্দ প্রদান করতে হবে।
- (৬) বাস্তবায়নামীন প্রকল্প এলাকার (ইউনিয়ন/পৌরসভা) নির্বাচিত সদস্য/কাউন্সিলরকে প্রকল্পের সভাপতি করার ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া।
- (৭) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের মত মসজিদ, মন্দির রক্ষণাবেক্ষণ উন্নয়ন প্রকল্পে ইমাম/পুরোহিতকে পিআইসি'র সভাপতি করা।
- (৮) খুব ছোট ছোট প্রকল্প গ্রহণ হতে বিরত থাকা।
- (৯) প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলক করা।
- (১০) নির্ধারিত সময় সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত অর্থ ফেরৎ নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ।
- (১১) কর্মসূচির বরাদ্দ বিভাজনের ক্ষেত্রে সংরক্ষিত মহিলা সংসদ সদস্যদের সংসদীয় এলাকা নির্দিষ্টকরণ।
- (১২) কোন প্রকল্প ভূয়া হিসেবে চিহ্নিত হলে আবেদনকারীকে দায়ী করে দেশে প্রচলিত/ আইন বিধির আওতায় আনা।

স্বাক্ষরিত/-

(মোহাম্মদ হোসেন)

উপসচিব (ত্রাক-২)

ফোনঃ ৯৫৪০১৪৩

dsreliefprog2@modmr.gov.bd

মহাপরিচালক

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা।

অপর পাতা দ্র:

নং-৫১.০০.০০০০.৪২২.১৪.০০২.১৭-৪(ঝ)

তারিখ: ০৮/০৮/২০১৭খ্রি./২৪ শ্রাবণ ১৪২৪ ব।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
- ৫। জেলা প্রশাসক, (সকল) -----।
- ৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৭। নির্বাহী পরিচালক, ইনফ্রাস্ট্রাকচারাল ডেভেলপমেন্ট কোঃ লিঃ (IDCOL), ইউটিসি ভবন, ১৬ তলা, ৮ পাশ্বপথ, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।
- ৮। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
- ১০। সিস্টেম এনালিস্ট, আই, সি, টি সেল, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ এবং ই-মেইলে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও সকল জেলা প্রশাসক বরাবর প্রেরণের জন্য)।
- ১১। অতিঃ সচিব (ত্রাণ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিঃ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

  
(মোহাম্মদ হোসেন)  
উপসচিব (ত্রাণ-২)